

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.১৩০

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৪

০৬ ডিসেম্বর ২০১৭

বিষয়: ঢাকা মহানগরীর ধামরাই উপজেলাধীন ধামরাই উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব উম্মে হাবিবা বেগম এর নিয়োগ বাতিল সংক্রান্ত।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৯.২০১৬/১৩৭৭৮, তারিখ: ১২ অক্টোবর ২০১৭।

(২) ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১০.২০১৩(খন্ড-১).৬০৭, তারিখ: ০৮.১১.২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান শিক্ষক উম্মে হাবিবা বেগম ধামরাই উচ্চ বালিকা বিদ্যালয়ে মে/৯৭ এ এস এস সি ভোকেশনাল শাখায় এম.পি.ও. ভুক্ত হন। ২১.০৪.২০১৬ তারিখ এর পূর্ব পর্যন্ত তিনি উক্ত শাখায় ট্রেডে ইন্সট্রাক্টর ( ডেস মেকিং) পদে কর্মরত ছিলেন। তিনি ২১.০৪.২০১৬ তারিখে ধামরাই উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করেন। উক্ত নিয়োগের বিরুদ্ধে আনীত অভিযোগ “ জনবল কাঠামো সম্পর্কিত সর্বশেষ নির্দেশিকা (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত-১১(২৩) অনুচ্ছেদ অনুযায়ী জনাব উম্মে হাবিবা বেগম এর প্রধান শিক্ষক পদে নিয়োগের জন্য কাম্য অভিজ্ঞতা (সহকারি পদে ১২ বছর) না হওয়ায় প্রধান শিক্ষক পদে তার নিয়োগ বিধি সম্মত হয়নি” বিষয়টি প্রমাণিত।

বর্ণিতাবস্থায়, জনবল কাঠামো সম্পর্কিত সর্বশেষ নির্দেশিকা (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত)-১১(২৩) অনুচ্ছেদ অনুযায়ী জনাব উম্মে হাবিবা বেগম এর প্রধান শিক্ষক পদে নিয়োগ বিধি সম্মত না হওয়ায় কেন তার নিয়োগ বাতিল করা হবে না এ বিষয়ে তার জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৬-১২-২০১৭

অসীম কুমার কর্মকার

সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: as.sec3@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.১৩০/১(৬)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৪

০৬ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২) উপ-সচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-১২-২০১৭

অসীম কুমার কর্মকার  
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)